

এইচএসসি ও সমমানের রেজাল্ট সকাল ১১টায়

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১০:২৬, ২৬ নভেম্বর ২০২৩



ছবি: সংগৃহীত

আজ রবিবার এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হবে।

UNIBOTS



সকালে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলের সারসংক্ষেপ তুলে দেবেন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা।

দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে শিক্ষা মন্ত্রণালয়ের সংবা সম্মেলনে শিক্ষামন্ত্রী দীপু মনি আনুষ্ঠানিকভাবে ফলের বিস্তারিত জানানবেন।

গত মঙ্গলবার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৬ নভেম্বর সকাল ১১টায় এইচএসসি পরীক্ষা ২০২৩ এর ফল স্ব স্ব প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে এক সঙ্গে প্রকাশিত হবে। এ ছাড়াও, নিজ নিজ প্রতিষ্ঠানের রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

গত ১৭ আগস্ট শুরু হয়েছিল এইচএসসি ও সমমানের পরীক্ষা। তবে প্রাকৃতিক দুর্যোগে কারণে চট্টগ্রাম এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা কয়েকদিন পর শুরু হয়।

এবার পুনর্বিন্যাস করা পাঠ্যসূচি অনুযায়ী একটি বাদে সব বিষয়ে পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে পরীক্ষা হয়েছে। শুধু তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরীক্ষা শেষ সময়ে এসে ১০০ নম্বরে পরিবর্তে ৭৫ নম্বরে নেওয়ার সিদ্ধান্ত হয়েছিল।

এ বছর এইচএসসি ও সমমানের পরীক্ষায় ১১টি শিক্ষা বোর্ডের দুই হাজার ৬৫৮টি কেন্দ্রে পরীক্ষার্থী ছিলেন ১৩ লাখ ৫৯ হাজার ৩৪২ জন। এর মধ্যে ছাত্র ছয় লাখ ৮৮ হাজার ৮৮৭ জন ও ছাত্রী ছয় লাখ ৭০ হাজার ৪৫৫ জন।